দৈনিক বাংলা

১৩।২।৮২



# ওলি আহমদের সংক্ষিপ্ত জীবনী

জনাব ওলি আহমদ চট্টগ্রাম জেলার চান্দনাইশের 'কুতুব' পরিবারে ১৯৩৯ সালে জন্মগ্রহণ করেন। তিনি করাচীর ন্যাশনাল কলেজ থেকে বিএ ডিগ্রী লাভ করেন।

জনাব আহমদ ১৯৫৯ সালে সাবেক পাকিস্তান বিমান বাহিনীতে যোগ দেন। আইন পড়ার সময়ে তিনি সামরিক একাডেমীতে যোগ দেন এবং ১৯৬৫ সালে কমিশন লাভ করেন। তিনি ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ৪র্থ ব্যাটালিয়নে নিযুক্ত হন।

জনাব ওলি আহমদ চট্টগ্রামের ষোলশহরে ৮ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের প্রথম কোয়ার্টার মাস্টার নিযুক্ত হন। তিনি ১৯৭১ সালের ২৫শে মার্চ শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নেতৃত্বে পাকিস্তানের বিরুদ্ধে অস্ত্র হাতে তুলে নেন। তিনি কালুরঘাট, মীরসরাই, মাস্তাননগর, করেরহাট, শুভপুর, তুলাতলা হাট, চিকনছরা, রামগড় ও বেলুনিয়ার বিখ্যাত যুদ্ধে অংশগ্রহণ করেন। পরে তিনি ফেনী নদী (বেলুনিয়া) থেকে ফারোরহাট পর্যন্ত এলাকা নিয়ে গঠিত চট্টগ্রামের সাব-সেক্টর কমান্ডার নিযুক্ত হন। স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ ভূমিকায় স্বীকৃতিস্বরূপ তিনি 'বীরবিক্রম' উপাধিতে ভূষিত হন।

জনাব আহমদ ১৯৭১ সালের জুলাই মাসে বিখ্যাত 'জেড ফোর্সের' প্রথম ব্রিগেড মেজর নিযুক্ত হন এবং সিলেট ও ময়মনসিংহ সেক্টরে যুদ্ধ করেন। তিনি ১৯৭২ সালের অক্টোবর মাসে মেজর পদে উন্নীত হন। জনাব আহমদ ১১ ইস্ট বেঙ্গল, ১ম ইস্ট বেঙ্গল, ১০ম ইস্ট বেঙ্গল ও ৬ষ্ঠ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সেকেন্ড-ইন কম্যান্ড হিসাবে কাজ করেন।

তিনি ১৯৭৫ সালের সেপ্টেম্বরে লেঃ কর্নেল পদে উন্নীত হন। তিনি সৈয়দপুরে ২৪ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের প্রতিষ্ঠাতা অধিনায়ক ছিলেন। তিনি ১৯৭৫ সালের নবেম্বরে সেনাবাহিনী সদর দফতরের জেনারেল স্টাফ অফিসার নিযুক্ত হন। পরবর্তী পর্যায়ে সেনাবাহিনীর স্টাফ প্রধান ও উপ-প্রধান সামরিক আইন প্রশাসকের দফতরে এবং পরে সশস্ত্র বাহিনীসমূহের প্রধান কমান্ডার প্রধান সামরিক আইন প্রশাসক ও প্রজাতন্ত্রের প্রেসিডেন্টের দফতরে নিযুক্ত হন। তিনি ১৯৮০ সালের জানুয়ারী মাসে কর্নেল পদে উন্নীত হন।

জনাব ওলি আহমদ মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের দীর্ঘদিনের সাথী ও বিশ্বস্ত বন্ধু ছিলেন। তিনি ১৯৮০ সালের জানুয়ারী মাসে স্বেচ্ছায় চাকরি থেকে অবসর গ্রহণ করেন।

তিনি প্রেসিডেন্টের সফরসঙ্গী হিসাবে চীন, নেপাল, পাকিস্তান, বার্মা, ইরান, থাইল্যান্ড, ভারত, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, জাপান, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, উত্তর কোরিয়া, সংযুক্ত আরব আমীরশাহী, কুয়েত, মিসর, ইরাক, পশ্চিম জার্মানী, কিউবা, ইটালী, হল্যান্ড, সৌদি আরব, রুমানিয়া, যুগোস্লাভিয়া, তুরস্ক, জাম্বিয়া, শ্রীলংকা, বেলজিয়াম, ভ্যাটিকান সিটি ও কেবানন সফর করেন।

জনাব ওলি আহমদ ১৯৮০ সালের মে মাসে চট্টগ্রাম-১৩ কেন্দ্রের উপ-নির্বাচনে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হন।

তিনি শুক্রবার প্রতিমন্ত্রী রূপে শপথ গ্রহণ করেন এবং যুব উন্নয়ন দফতরের দায়িত্ব গ্রহণ করেন।

তিনি ফুটবল, ভলিবল, লন টেনিস ও গলফ খেলেন।

জনাব ওলি আহমদ ও তাঁর স্ত্রী বেগম মমতাজের দুই ছেলে ও দুই মেয়ে রয়েছে। জনাব আহমদ তিনবার পবিত্র ওমরাহ পালন করেন।